# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

**(পেট্রোবাংলার একটি কোম্পানি)**

গ্যাস ভবন, মেন্দিবাগ,সিলেট ।

## ১৪-১০-২০২১ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

তারিখ ঃ ১৭-১০-২০২১

গত ১৪-১০-২০২১ তারিখ বৃহস্পতিবার সকাল ১১-৩০ ঘটিকায় গ্যাস ভবনের কমিটি কক্ষে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর) ও নৈতিকতা কমিটির আহবায়ক প্রকৌ. এ. বি. এম শরীফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংযুক্ত করা হলো । সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ে আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|
| ১.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | এ বিষয়ে কোম্পানি সচিব জানান,২০২১-২০২২ অর্থ বছরের ১ম কোয়ার্টারে (জুলাই হতে সেপ্টেম্বর,২০২১) হবিগঞ্জ জেলার বৃহৎ শ্রেণির গ্রাহকদের অংশগ্রহণে অনলাইন সভা অনুষ্ঠিত হয়। আগামি ৩১অক্টোবর,২০২১ এর মধ্যে মৌলভীবাজার জেলার গ্রাহকদের অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | ৩১অক্টোবর,২০২১ এর মধ্যে মৌলভীবাজার জেলার গ্রাহকদের অংশগ্রহণে অনলাইন সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)<br>২। কোম্পানি সচিব ও ফোকাল পয়েন্ট<br>৩। উপমহাব্যবস্থাপক (আরডিডি-মৌলভীবাজার) । |
| ১.২ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | আলোচ্য বিষয়ে কমিটির সদস্য উপমহাব্যবস্থাপক (প্রশাসন) এর দৃষ্টি আকর্ষন করা হয় এবং ২য় কোয়ার্টার অর্থাৎ অক্টোবর হতে ডিসিম্বর,২০২১ এর মধ্যে ন্যূনতম ৩০(ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর উপস্থিতিতে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। | ১৫নভেম্বর,২০২১ এর মধ্যে প্রশাসন ডিভিশনের মাধ্যমে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ২.১ | দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য কর্মকর্তাদের নিয়ে সভার আয়োজন | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২০২২ কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য কর্মকর্তাদের নিয়ে সভা আয়োজনের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। | নভেম্বর,২০২১ মাসে সুবিধাজনক সময়ে আলোচ্য বিষয়ে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি। |
| ২.২ | গাড়ির জ্বালানি ব্যবহারের যথার্থতা পরীক্ষণ | প্রধান কার্যালয়সহ বিভিন্ন অফিসে চলাচলকারী কোম্পানির নিজস্ব যানবাহনসমূহে জ্বালানি ব্যবহারের যথার্থতা পরীক্ষণের জন্য লগবহি যথাযথ পরীক্ষা করার জন্য লক্ষ্যমাত্রা বাস্তবায়নকারী ডিভিশনকে পত্র প্রদান করা হয়েছে। | মহাব্যবস্থাপক (অর্থ) বরাবর প্রেরিত পত্রানুযায়ী গাড়ির লগবহি পরীক্ষা কাজের অগ্রগতি মনিটরিং করতে হবে। | নৈতিকতা কমিটি। |

চলমান পাতা - ০২

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|
| ২.৩ | জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সেবা গ্রহীতাদের সাথে গণশুনানীর আয়োজন | এ বিষয়ে কোম্পানি সচিব বিগত বছরের ন্যায় পেট্রোবাংলার নৈতিকতা কমিটির আহবায়ক, ফোকাল পয়েন্ট, সকল বিপণন কোম্পানির নৈতিকতা কমিটির দু'জন করে প্রতিনিধি এবং অত্র কোম্পানির বৃহৎ শ্রেনির গ্রাহকদের অংশগ্রহণে আগামী ডিসেম্বর,২০২১ মাসে সুবিধাজনক সময়ে গণশুনানীর আয়োজন করা যেতে পারে মর্মে ফোকাল পয়েন্ট সভায় উল্লেখ করেন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে ২য় কোয়ার্টারে ০১টি গণশুনানীর আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | কোম্পানি সচিব ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি। |
| ২.৪ | দুর্নীতি সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য প্রধান কার্যালয় ও আবিকাসমূহে অভিযোগ বক্স স্থাপন | দুর্নীতি সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য ইতোমধ্যে প্রধান কার্যালয় ও আবিকাসমূহে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে বলে সভায় জানানো হয়। অভিযোগ বাক্সে যাতে সহজে এবং নির্দ্বিধায় সকলে মতামত/অভিযোগ প্রদান করতে পারে সে বিষয়ে গ্রহণযোগ্য ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা করা হয়। | অভিযোগ বক্সটি সহজে দৃষ্টিগোচর হয় এমন চিহ্ন দ্বারা প্রদর্শন পূর্বক প্রধান ফটক ও দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (জেসাডি) |
| ২.৫ | কমিটির মাধ্যমে কর্মকর্তাদের যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ | সভায় উল্লেখ করা হয় যে, কর্মকর্তা ও কর্মচারিদের যথাসময়ে অফিসে উপস্থিতির বিষয়ে প্রশাসন হতে সময়ে সময়ে দপ্তর আদেশ জারি করা হয়েছে। কর্মকর্তা ও কর্মচারিদের অফিসে যথাসময়ে উপস্থিতির বিষয়ে নৈতিকতা কমিটি কর্তৃক বিভিন্ন দপ্তর পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়। | অফিসে যথাসময়ে উপস্থিতির বিষয়টি যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা নৈতিকতা কমিটি কর্তৃক পর্যবেক্ষণের পর প্রতিবেদন তৈরী করা হবে। | নৈতিকতা কমিটি। |

এছাড়া, শুদ্ধাচার চর্চায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে নৈতিকতা কমিটির পক্ষ হতে সকল কর্মকর্তা ও কর্মচারীকে উপহার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিশেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১- ২০২২ অর্থবছরের প্রণীত কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সভায় প্রদত্ত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকার আশাবাদ ব্যক্ত করা হয়। আলোচনার অন্য কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/১০/২০২

(প্রকৌ. এ. বি. এম শরীফ)
মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর)
ও আহবায়ক, নৈতিকতা কমিটি।

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার




জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

**Jalalabad Gas Transmission and Distribution System Ltd.**

পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Pertrobangla)

সূত্র নং - ২৮.১৬.৯১০০.০২৪.৪৬.০০২.২১/৫৫ তারিখঃ ১১ অক্টোবর,২০২১

## সভার বিজ্ঞপ্তি

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) – এর জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কাঠামোর ২য় কোয়ার্টার (অক্টোবর হতে ডিসেম্বর,২০২১) - এর কার্যক্রমসমূহ বাস্তবায়ন সম্পর্কিত নৈতিকতা কমিটির সভা ১৪-১০-২০২১ তারিখ সকাল ১১-৩০ ঘটিকায় কমিটি রুমে অনুষ্ঠিত হবে। কমিটির সকল সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থেকে কমিটির কার্যক্রম বাস্তবায়নে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

১৪/১০/২০২১

(মোঃ আনিসুর রহমান ভূঞা)
উপমহাব্যবস্থাপক (ভান্ডার)
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি ।

বিতরণঃ কমিটির সকল সদস্য ........................................................ ।

অনুলিপিঃ

০১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা /প্রশাসন),জালালাবাদ গ্যাস,সিলেট ।
০২। উপব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস,সিলেট ।
০৩। সংশ্লিষ্ট নথি।